# জেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার ফেব্রুয়ারি/২০২৪ মাসের কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শামীম আহমেদ<br>জেলা প্রশাসক, রাজশাহী |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | : | ২৭/০২/২০২৪ খ্রি . |
| সময় | : | বেলা ১১ : ৩০ টা |
| উপস্থিত সদস্যগণের তালিকা | : | সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট- 'ক' তে প্রদত্ত |

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্রের উপর আলোচনা করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) কে অনুরোধ জানানো হয়।

আলোচ্য সূচি- ১) **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন**: সভায় গত ২৯/০১/২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়।

সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী/ আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য সূচি- ২) উপজেলা পর্যায়ে সভা আয়োজন : অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) মহোদয় সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২৪ মাসে পবা, গোদাগাড়ী, তানোর, দুর্গাপুর, বাগমারা ও বাঘা উপজেলায় এনজিও বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। মোহনপুর, পুঠিয়া ও চারঘাট উপজেলায় সভা অনুষ্ঠিত হয়নি মর্মে টেলিফোনে জানা গেছে।

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসে এনজিও বিষয়ক সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি- ৩) **গৃহীত সিদ্ধান্তসমূহের পর্যালোচনা :** গত সভার সিদ্ধান্ত অনুযায়ী 'ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (আইডিএফ)' এবং 'বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস (ব্লাস্ট)' এনজিও তাদের কার্যক্রম সম্পর্কে প্রেজেন্টেশন প্রদান করায় তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

সিদ্ধান্ত : মার্চ/২০২৪ মাসে 'সচেতন সোসাইটি' এবং 'ওয়ার্ল্ডভিশন বাংলাদেশ' এনজিও রাজশাহী তাদের কার্যক্রম সম্পর্কে প্রেজেন্টেশন প্রদান করবেন।

আলোচ্য সূচি- ৪) **মাসিক প্রতিবেদন নিয়ে আলোচনা:** মোট ৭৩টি এনজিওর মধ্যে ৩৬ টি এনজিও জেলার ওয়েব পোর্টালে মাসিক প্রতিবেদন দাখিল করেছেন এবং ৩৭ টি এনজিও প্রতিবেদন দাখিল করেননি।

সিদ্ধান্ত : প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সকল এনজিও প্রতিনিধিকে জেলা ওয়েব পোর্টালে মাসিক প্রতিবেদন দাখিলের জন্য এবং একই সাথে প্রতিটি প্রতিষ্ঠানকে সভায় যথাযথভাবে উপস্থিত থাকতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি- ৫) **এনজিওসমূহের কার্যক্রম পর্যালোচনা :** এনজিওসমূহের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ০১ | **এডাব:** এনজিও কার্যক্রমের সমন্বয়, এ্যাডভোকেসি ও ক্যাম্পেইন, অধিকার বিষয়ে প্রচারণা , সদস্য সংগঠনের দক্ষতা উন্নয়ন কার্যক্রম চলমান। | সদস্য সংগঠনের দক্ষতা উন্নয়ন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | ১০০% | ১,২,৫,১০, ১১,১৩,১৪ ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০২ | **কারিতাস বাংলাদেশ:** সংস্থাটির শিক্ষা, যুব ও শিক্ষক গঠন প্রশিক্ষণ, বীমা সুবিধা প্রদান, প্রজনন ও শিশু স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব প্রশিক্ষণ, দম্পতি প্রশিক্ষণ, সাধারণ চিকিৎসা, সার্জিকাল সু, আইজিএ সহায়তা, কম্পিউটার দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, শিক্ষা উপকরণ সহায়তা, কাটা ঠোঁট, কাটা তালু চিকিৎসা, কৃত্রিম অঙ্গ সংযোজন, খাদ্য নিরাপত্তা, ছাগল বিতরণ, শাক-সবজি চাষ, ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান। | সাধারণ চিকিৎসা, সার্জিকাল সু, আইজিএ সহায়তা, কম্পিউটার দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, শিক্ষা সহায়তা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১,২, ৩,৪,৫,৬, ৭, | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৩ | **ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক):** সংস্থাটির শিশু-কিশোরী দলের সেশন, নলকূপ স্থাপন ও গোড়া পাকাকরণ, স্যানিটেশন, মাসিক সভা, উন্নত চুলা বিতরণ, লোন বিতরণ, শিক্ষা, স্বাস্থ্য সেবা ও বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান । | স্যানিটেশন, মাসিক সভা, উন্নত চুলা বিতরণ, লোন বিতরণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩,৫, ৬ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৪ | **সচেতন সোসাইটি :** প্রমোটিং পিস এন্ড জাস্টিস, বাংলাদেশ কাউন্টার ট্রাফিকিং ইন পারসন, আরবান ম্যানেজমেন্ট অফ ইন্টারনাল মাইগ্রেশন ভিউ টু ক্লাইমেট চেঞ্জ এবং ঋণ বিতরণ কার্যক্রম চলমান। | আরবান ম্যানেজমেন্ট অফ ইন্টারনাল মাইগ্রেশন ভিউ টু ক্লাইমেট চেঞ্জ কার্যক্রমকে আরও বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,২,৫,৮,১৩,ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ০৫ | **সোসাইটি ফর একশন রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (সার্ড):** সংস্থাটির জনসাধারণের আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে ক্ষুদ্র ঋণ কার্যক্রম ও সচেতনতার জন্য সেমিনার আয়োজনের কার্যক্রম চলমান। | জনসাধারণের আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | -- | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৬ | **বাংলাদেশ পরিবার পরিকল্পনা (এফপিএবি):** সংস্থাটির সুবিধাবঞ্চিত নারী ও শিশুর প্রাথমিক স্বাস্থ্য সেবা, যৌন প্রজনন বিষয়ক স্বাস্থ্য সেবা, প্রদান এ্যাভোকেসী, সেবাদানকারীর ক্ষমতায়ন, কিশোর কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য, শিক্ষা অধিকার ও ছোট পরিবার গঠনে সহায়তা কার্যক্রম চলমান | কিশোর কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য, শিক্ষা অধিকার ও ছোট পরিবার গঠনে সহায়তা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ৩,৪,৫,১০, ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৭ | **এ্যাসোসিয়েশন ফর কমিুনিটি ডেভেলপমেন্ট (এসিডি):** সংস্থাটির ইনিসিয়েটিভ টু টোব্যাকো কন্ট্রোল, প্রটেকটিং চিলড্রেন রাইটস থ্রো চাইল্ড পার্টিসিপেশন ও শিক্ষা কার্যক্রম চলমান। | প্রটেকটিং চিলড্রেন রাইটস থ্রো চাইল্ড পার্টিসিপেশন ও শিক্ষা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৩,৪ & ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৮ | **ইউসেপ বাংলাদেশ:** সংস্থাটির কারিগরি শিক্ষা কর্মসুচি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ, শোভন কর্মসংস্থান ও উদ্যেক্তা উন্নয়ন এবং সামাজিক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি অন্তর্ভূক্তি এবং নারী ও শিশু অধিকার সম্পর্কে সচেতনতামূলক উন্নয়ন কার্যক্রম চলমান। | সামাজিক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি অন্তর্ভূক্তি এবং নারী ও শিশু অধিকার সম্পর্কে সচেতনতামূলক কার্যক্রম চলমান রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩ ৪,৫ ৮,১০ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৯ | **বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস (ব্লাস্ট):** সংস্থাটির ওপিজেপি, সালিশ নিষ্পত্তি, মামলা দায়ের, আইনি পরামর্শ, আদালতের তথ্য প্রদান, থানায় সহায়তা কার্যক্রম চলমান। | আইনি পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৯% | ৫ ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১০ | **ব্র্যাক, রাজশাহী:** সংস্থাটির শিক্ষা, কিশোর-কিশোরী ক্লাব, গর্ভবতী মায়ের পরিচর্যা, শিশুদের পুষ্টিকণা, চক্ষু ক্যাম্প, মানবাধিকার ও আইন, আদালত মামলা, আইজিএ প্রশিক্ষণ, সম্পদ হস্তান্তর, সামাজিক ক্ষমতায়ন, ওয়াটার স্যানিটেশন, হাইজিন, ফ্রি ল্যাট্রিন স্থাপন, ক্ষুদ্র ঋণ কার্যক্রম, শিক্ষা উপকরণ প্রদান, রোগী সনাক্ত ও চিকিৎসা, গাছের চারা বিতরণ, চোখের ছানি অপারেশন, অভিযোগ গ্রহণ, ঋণ বিতরণ, জলবায়ু পরিবর্তন, মানবিক সহায়তা কর্মসূচি বিষয়ক কার্যক্রম চলমান। | ফ্রি ল্যাট্রিন স্থাপন, ক্ষুদ্র ঋণ কার্যক্রম, শিক্ষা উপকরণ প্রদান, রোগী সনাক্ত ও চিকিৎসা কার্যক্রমকে আরও বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৮, ১০ ,১১, ১৩, ১৬ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১১ | **বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবি সমিতি:** সংস্থাটির দুস্থ ও অসহায় নারী ও শিশুদের বিনা খরচে আইনী সহায়তা, আইন সংশোধনে এ্যাডভোকেসি করা, নারী ও শিশু পাচার প্রতিরোধ, মামলা চলার সময়ে নারী ও শিশুকে বিপদে আশ্রয় প্রদান, শিশুর অধিকার প্রতিষ্ঠা বিষয়ক কার্যক্রম চলমান। | দুস্থ ও অসহায় নারী ও শিশুদের বিনা খরচে আইনী সহায়তা প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৯% | | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১২ | **ডাসকো ফাউন্ডেশন:** সংস্থাটির স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মাধ্যমে সভা, সরকারি বেসরকারি উভয় স্বাস্থ্য কেন্দ্রের জন্য রেফারাল লজিস্টিক সরবরাহের জন্য সহায়তা করা, গর্ভবতী মায়েদের তথ্যসমূহ হালনাগাদ করা, সরকারি কর্তৃপক্ষের সাথে উন্মুক্ত আলোচনা করা, নিরাপদ প্রসব সেবায় সহায়তা করা, কিশোর-কিশোরী নিয়ে পরিবার পরিকল্পনা, বাল্য বিবাহ বিষয়ে সচেতনতামূলক স্কুল সেশন করা, খাবার পানির জন্য সাবমারসিবল পাম্প স্থাপন করা, আমচাষি কৃষক দল গঠন, জেলা ও উপজেলা পর্যায়ে নাগরিক সমাজ সংগঠন, স্কুল ছাত্র/ছাত্রীদের সাথে মানবাধিকার সভা, নাট্য দল গঠনও প্রদর্শন সংক্রান্ত কার্যক্রম চলমান। | সরকারি কর্তৃপক্ষের সাথে উন্মুক্ত আলোচনা করা, নিরাপদ প্রসব সেবায় সহায়তা করা, কিশোর-কিশোরী নিয়ে পরিবার পরিকল্পনা, বাল্য বিবাহ বিষয়ে সচেতনতামূলক স্কুল সেশন করা, খাবার কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৪% | ১,৩, ৪,৫,১০ ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ১৩ | **বুরো বাংলাদেশ:** সংস্থাটির ঋণ বিতরণ, সঞ্চয় জমা, রেমিটেন্স প্রদান ও স্যানিটেশন সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | ঋণ বিতরণ, সঞ্চয় জমা, রেমিটেন্স প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,২,৩,৫, ৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৪ | **জাগরণী চক্র ফাউন্ডেশন :** সংস্থাটির ক্ষুদ্রঋণ, স্বাস্থ্য সহায়তা নিয়ে কার্যক্রম পরিচালনা করে থাকে। | ক্ষুদ্রঋণ, স্বাস্থ্য সহায়তা সংক্রান্ত কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৫ | **ফাউন্ডেশন ফর ওমেন চাইল্ড এ্যাসিসটেন্স (এফডাব্লিউসিএ):** সংস্থাটি রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী, বহুমাত্রিক প্রতিবন্ধী ও অটিষ্টিক শিশুদের শিক্ষা ও উন্নয়নের জন্য বিশেষ শিক্ষা, থেরাপিউটিক সেবাসহ উপযোগী শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে পুনর্বাসন কর্মসূচি নিয়ে কাজ করে থাকে। | অটিষ্টিক শিশুদের শিক্ষা ও উন্নয়নের জন্য বিশেষ শিক্ষা, থেরাপিউটিক সেবাসহ উপযোগী শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে পুনর্বাসন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ৪ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৬ | **ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ :** সংস্থাটির প্রাক-প্রাথমিক শিক্ষা, অতিদরিদ্র্যদের পরিবার উন্নয়ন ও আত্মকর্মসংস্থান সৃষ্টি, সামাজিক নিরাপত্তা বলয়, বাল্যবিবাহ, যৌতুক প্রতিরোধ ও সচেতনতা, শিশু নিরাপত্তা, কৃষি উন্নয়ন ও খাদ্য নিরাপত্তা, গৃহায়ণ ও দুর্যোগ, স্পন্সরশীপ ও দক্ষতা বৃদ্ধিমূলক কার্যক্রম চলমান। | সরকারি কর্তৃপক্ষের সাথে উন্মুক্ত আলোচনা করা, নিরাপদ প্রসব সেবায় সহায়তা করা, কিশোর-কিশোরী নিয়ে পরিবার পরিকল্পনা, বাল্য বিবাহ বিষয়ে সচেতনতামূলক স্কুল সেশন করা, খাবার কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ৩ ও ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৭ | **উদ্দীপন:** সংস্থাটির প্রাথমিক স্বাস্থ্যসেবা পরামর্শ, গর্ভবতী মায়ের চেকআপ, শিক্ষাবৃত্তি প্রদান, গ্রাহক কল্যাণ সহায়তা, বিনামূল্যে ঔষধ বিতরণ, ক্ষুদ্রঋণ বিষয়ক কর্মসূচি চলমান। | গ্রাহক কল্যাণ সহায়তা, বিনামূল্যে ঔষধ বিতরণ, ক্ষুদ্রঋণ বিতরণ কর্মসূচি চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩,৪ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৮ | **স্বেচ্ছাসেবী বহুমুখী মহিলা সমাজ কল্যাণ সমিতি:** সংস্থাটির ভাতাভোগীদের খাদ্য, পুষ্টি, সামাজিক সচেতনতামুলক প্রশিক্ষণ, জন্মনিবন্ধন বিষয়ে এবং স্বাস্থ্য সেবা কেন্দ্র হতে মা ও শিশু সেবা প্রাপ্তির ক্ষেত্রে মহিলাদের অবহিতকরণ, স্থানীয় প্রশাসনের সাথে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন, সিএমসি কমিটি গঠন করা শিখন কেন্দ্র স্থাপন করা শিক্ষার্থীদের পাঠদান সংক্রান্ত কার্যক্রম চলমান। | মা ও শিশু সেবা প্রাপ্তির ক্ষেত্রে মহিলাদের অবহিতকরণ, স্থানীয় প্রশাসনের সাথে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৪,৫,৮,৯ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৯ | **নবকলি ক্রাফট সেন্টার রাজশাহী মিশন চত্বর, রাজশাহী :** সংস্থাটির দু:স্থ অবহেলিত ঝরেপড়া মূলধার গরীব ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠির হস্তশিল্প ও বিউটি পার্লার প্রশিক্ষণ, প্রশিক্ষণার্থীদের থাকা, খাওয়া, তেল, সাবান, চিকিৎসা ও সেলাই মেশিন ও সেলাই মেশিন উপকরণ প্রদান নিয়ে কার্যক্রম চলমান | বিউটি পার্লার প্রশিক্ষণ, প্রশিক্ষণার্থীদের থাকা, খাওয়া, তেল, সাবান, চিকিৎসা ও সেলাই মেশিন উপকরণ প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৯% | ১,২,৩,৮, ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২০ | **সচেতন নাগরিক কমিটি (সনাক):** সংস্থাটির সানাক, ইয়েস ও এসিজি সদস্যদের নিয়ে মাসিক সভা, শিক্ষা, স্বাস্থ্য ও ভূমি কর্তৃপক্ষের সাথে সভা,কমিউনিটি মনিটরিং কার্যক্রম এবং কমিউনিটি অ্যাকশন সভা আয়োজন সহ তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক প্রচারণা, দুর্নীতি বিরোধী সামাজিক আন্দোলন সংক্রান্ত কার্যক্রম চলমান। | ইয়েস ও এসিজি সদস্যদের নিয়ে মাসিক সভা, শিক্ষা, স্বাস্থ্য কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯০% | ৩,৪,৫,১৩, ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ২১ | **ইকো-সোস্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও):** সংস্থাটি উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার মাধ্যমে বিদ্যালয় বহির্ভূত ঝরেপড়া শিশুদেরকে প্রাথমিক শিক্ষা গ্রহণের জন্য সুযোগ করে দেয়া এবং শিক্ষার মূলধারায় নিয়ে আসা, উদ্যোক্তাদের খাদ্য নিরাপত্তা ও ব্যক্তিগত স্বাস্থ্যবিধি বিষয়ক প্রশিক্ষণ প্রদান, উদ্যোক্তাদের পরিবেশগত সচেতনতা, ব্যবসায়িক উন্নয়নের জন্য কমন সার্ভিস ঋণ প্রদান, প্রশিক্ষিত তরুণ-তরুণীদের চাকরি সহায়তা, প্রান্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নে সহায়তা প্রদান, জলবায়ু পরিবর্তন, কর্মসংস্থান, বয়:সন্ধিকালীন শারীরিক ও মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা, সমাজে বিদ্যমান বৈষম্য দূরীকরণ, সমাজ উন্নয়নে একতাবদ্ধ ও দলগত কার্যক্রম চলমান। | প্রদান, উদ্যোক্তাদের পরিবেশগত সচেতনতা, ব্যবসায়িক উন্নয়নের জন্য কমন সার্ভিস ঋণ প্রদান, প্রশিক্ষিত তরুণ-তরুণীদের চাকরি সহায়তা, প্রান্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নে সহায়তা প্রদান, কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১,২,৪,৫,৮ ,৯,১২,১৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২২ | **প্রয়াস মানবিক উন্নয়ন সোসাইটি: সংস্থাটির** বাৎসরিক সভা, বিভিন্ন দিবস উদ্‌যাপন, দরিদ্র জনগোষ্ঠীর মাঝে ছাগল বিতরণ, মাদকদ্রব্যর অপব্যবহার এবং মানব পাচার রোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে সভা সেমিনার, শিক্ষা বৃত্তি প্রদান, গাভী পালন, গরু মোটাতাজাকরণ বিষয়ে সদস্য পর্যায়ে প্রশিক্ষণসহ ঋণ সহায়তা প্রদান নিয়ে কার্যক্রম চলমান রয়েছে। | মাদকদ্রব্যর অপব্যবহার এবং মানব পাচার রোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে সভা সেমিনার কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৪,৫ ও ৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৩ | **আসক্ত পুর্নবাসন সংস্থা (আপস):** সংস্থাটির মাদকাসাক্তদের চিকিৎসা, ফ্যামিলি মিটিং, উদ্দিষ্ট জনগোষ্ঠির মধ্যে এইচ আইভি পরীক্ষা, শিক্ষা উপকরণ বিতরণ, দলীয় স্বাস্থ্য শিক্ষা, ত্রাণ বিতরণ, বিবাহ সংক্রান্ত সাহায্য,যাত্রা খরচ, মৃতের সৎকার ও সাধারণ স্বাস্থ্য সেবা নিয়ে কার্যক্রম চলমান। | উদ্দিষ্ট জনগোষ্ঠির মধ্যে এইচ আইভি পরীক্ষা, শিক্ষা উপকরণ বিতরণ, দলীয় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১,২,৩,৪,৫ ,৬,৭৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৪ | **নর মিশন বাংলাদেশ লুথারেন গালর্স হোস্টেল (এসএনবি):** সংস্থাটির লুথারেন গার্লস হোস্টেল পরিচালনা, এডুকেশন এ্যাসিসটেন্স প্রোগ্রাম, কলেজ, বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের শিক্ষা সহায়তা প্রদান বিষয়ক কার্যক্রম চলমান। | বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের শিক্ষা সহায়তা প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৫ | **সেন্টার ফর ক্যাপাসিটি বিল্ডিং অব ভলান্টারী অর্গানাইজেশন (সিসিবিভিও):** সংস্থাটির ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর রক্ষাগোলা, খাদ্য নিরাপত্তা, মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন, জনগনের আইনি অধিকার সচেতনতা ও সহায়তা, নাগরিক তথ্য অধিকার আন্দোলন কার্যক্রম চলমান। | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর রক্ষাগোলা, খাদ্য নিরাপত্তা, মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন, কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১,২,৩,৪,৫ ,৬,১০,১২, ১৩,১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৬ | **সিআরপি, রাজশাহী:** সংস্থাটির চিকিৎসা সেবা, কৃত্রিম হাত/পা সংযোজন, বৃত্তিমূলক প্রশিক্ষণ, প্রতিবন্ধীদের খেলাধুলা, সংগঠন তৈরী ও সক্ষমতা বৃদ্ধি, সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। | কৃত্রিম হাত/পা সংযোজন, বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,৩,৪,৫, ৮,১০,১১ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৭ | **বাস্তুহারা ও প্রতিবন্ধী মানব উন্নয়ন সংস্থা:** সংস্থাটির কৃষি প্রকল্প, ঋণ কর্মসুচি, সেলাই প্রশিক্ষ স্বাস্থ্য নিয়ে কার্যক্রম চলমান। | সংস্থাটির কৃষি প্রকল্প, ঋণ কর্মসুচি, সেলাই প্রশিক্ষ স্বাস্থ্য নিয়ে কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ২ ও ৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৮ | **রিপ্রোডাকটিভ হেলথ সার্ভিসেস ট্রেনিং এন্ড এডুকেশন প্রোগ্রম (আরএইচস্টেপ): সংস্থাটির** এম আর ট্রেনিং, এম আর ও প্যাক সেবা, পরিবার পরিকল্পনা, নিরাপদ মাতৃস্বাস্থ্য সেবা, প্যাথলজিক্যাল সেবা, বিসিসি এবং এ্যাডভোকেসি সেবা কার্যক্রম চলমান। | এম আর ট্রেনিং, এম আর ও প্যাক সেবা, পরিবার পরিকল্পনা কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ৩ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ২৯ | **এস এ এস শিশু পল্লী রাজশাহী:** সংস্থাটি শিশু অধিকার প্রতিষ্ঠা, শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল প্রতিষ্ঠায় সহায়তা করা, যুব-কিশোরদের অধিকতর উন্নতি ও জীবণ দক্ষতা সামাজিক কেন্দ্র রাজশাহী মাধ্যমে কমিউনিটি পর্যায়ে হতদরিদ্র পরিবারের শিশুদের শিক্ষা এবং খাবার সহায়তা করা কার্যক্রম চলমান। | শিশু অধিকার প্রতিষ্ঠা, শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল প্রতিষ্ঠায় সহায়তা করা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১,২,৩,৪,৫ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩০ | **ডেভেলপমেন্ট অব ইন্টিগ্রেটেড ফর সোশ্যাল এ্যাসোসিয়েশন-দিশা :** সংস্থাটির শিক্ষা ক্ষুদ্র ঋণ, নারী শিশু ও প্রতিবন্ধী উন্নয়ন বিষয়ক আইন সহায়তা, বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ বিষয়ে কার্যক্রম চলমান। | প্রতিবন্ধী উন্নয়ন বিষয়ক আইন সহায়তা, বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ বিষয়ে সহায়তা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ১,২,৩,৪, ৫, ৬ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩১ | **বারসিক রাজশাহী রিসোর্স সেন্টার, রাজশাহী :** সংস্থাটির সংগঠন উন্নয়ন, বীজ ও নিরাপদ কৃষি, করোনা মহামারি প্রাণবৈচিত্র্য সুরক্ষা ও খাদ্য নিরাপত্তা, কৃষকদের মাঝে ন্যায্যমূল্যে বীজ বিতরণ, খাদ্য সহায়তা, সামাজিক গবেষণা, পরিবেশ ও প্রতিবেশী বিষয়ে সচেতনতা বিষয়ক কার্যক্রম চলমান। | সংগঠন উন্নয়ন, বীজ ও নিরাপদ কৃষি, করোনা মহামারি প্রাণবৈচিত্র্য সুরক্ষা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২% | ২,৩,৪,৫, ৬,১৩,১৫, ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩২ | **দিনের আলো হিজড়া সংঘ :** সংস্থাটির হিজড়াদের জীবনমান উন্নয়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে রাজশাহী সিটি ও ০৯টি উপজেলায় কার্যক্রম, হিজড়াদের ধর্মীয় শিক্ষা নিয়ে কার্যক্রম চলমান। | ০৯টি উপজেলায় কার্যক্রম, হিজড়াদের ধর্মীয় শিক্ষা নিয়ে কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- | ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৩ | **মানব সেবা অভিযান:** সংস্থাটির ক্ষুদ্রঋণ, সুদমুক্ত শিক্ষা ঋণ, সুদমুক্ত প্রতিবন্ধী ঋণ, শিক্ষা, স্বাস্থ্য ও চিকিৎসা সহায়তা, অসহায়- দুঃস্থ ভাতা, দুঃস্থ মুক্তিযোদ্ধাদের আর্থিক সাহায্য, যাকাত ফান্ড, দুস্থ মেয়েদের বিবাহ, অসহায় ও দুঃস্থ পরিবারের বিদ্যুৎ সংযোগ, দাতব্য চিকিৎসালয় ও বৃদ্ধনিবাস নিয়ে কার্যক্রম চলমান। | ক্ষুদ্রঋণ, সুদমুক্ত শিক্ষা ঋণ, সুদমুক্ত প্রতিবন্ধী ঋণ, শিক্ষা, স্বাস্থ্য ও চিকিৎসা সহায়তা, প্রদান কার্যক্রমকে বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,৩,৪,৫, ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৪ | **নবদিগন্ত মহিলা উন্নয়ন সংস্থা:** সংস্থাটির বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু আইনি সহায়তা নিয়ে কার্যক্রম চলমান। | আইনি সহায়তা নিয়ে কার্যক্রম চলমান অব্যাহত রাখতে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯০% | ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৫ | **ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (আইডিএফ):** সংস্থাটির সব ধরনের দারিদ্র্যের অবসান, ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন, কৃষির প্রসার, সকল বয়সী মানুষের জন্য সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরণ। মান সম্মত শিক্ষার সুযোগ সৃষ্টি, জেন্ডার সমতা, নারী মেয়েদের ক্ষমতায়ন, জ্বালানি সহজলভ্য করা, কর্মসংস্থান সৃষ্টি, অন্তর্ভূক্তিমূলক টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন। অভিঘাত সহনশীল অবকাঠামো নির্মাণ, টেকসই শিল্পয়ানের প্রবর্ধন ও উদ্ভাবনার প্রসার, আন্তদেশীয় সমতা কমিয়ে আনা, জনবসতি গড়ে তোলা, জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবেলায় জরুরি ব্যবস্থা গ্রহণ, বৈশ্বিক অংশীদারিত্ব উজ্জীবিতকরণ ও বাস্তবায়নের উপায়সমূহ শক্তিশালী করা নিয়ে কার্যক্রম চলমান। | নারীর ক্ষমতায়ন, জ্বালানি সহজলভ্য করা, কর্মসংস্থান সৃষ্টি, অন্তর্ভূক্তিমূলক টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়। | ৯৮% | ১,২,৩,৪,৫ ,৭,৮,৯,১০ ,১১,,১২,১ ৩ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৬ | **বরেন্দ্র ইকোনোকি ডেভেলপমেন্ট অর্গানাইজেশ (বিডো):** সংস্থাটির গ্রামীণ ক্ষুদ্র প্রকল্পের আওতায় ক্ষুদ্রঋণ বিতরণ, বাল্যবিবাহ ও বহু বিবাহ এর কুফল, জন্মনিবন্ধন, স্যানিটেশন, বসত বাড়িতে সবজিচাষ বিষয়ে সচেতনতামূলক আলোচনা নিয়ে কার্যক্রম চলমান। | জন্মনিবন্ধন, স্যানিটেশন, বসত বাড়িতে সবজিচাষ বিষয়ে সচেতনতামূলক আলোচনা চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ১,৫ ও ৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৩৭ | **বরেন্দ্র উন্নয়ন প্রচেষ্টা (বিইউপি)** : সংস্থাটির পিস ক্লাব গঠন, সদস্যদের দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ,আন্তর্জাতিক শান্তি দিবস পালন, পার্লামেন্টারি বিতর্ক প্রতিযোগীদের ওয়ার্কসপ, বার্ষিক পিসক্লাব সম্মেলন, সাইকো-সোস্যাল সাপোর্ট গ্রুপ গঠন, শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আন্তর্জাতিক শান্তি দিবস পালন ইত্যাদি কার্যক্রম চলমান। | পিস ক্লাব গঠন, সদস্যদের জীবন দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ, আন্তর্জাতিক শান্তি দিবস পালন, পার্লামেন্টারি বিতর্ক প্রতিযোগীদের ওয়ার্কসপ বিষয়ক কার্যক্রম চলমান অব্যাহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৮ | **পরিবর্তন:** সংস্থাটির জাতীয় মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্রের সহযোগিতামূলক কার্যক্রম চলমান। | জাতীয় মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্রের সহযোগিতায় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- | ১,৩,৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৯ | **বাংলাদেশ পরিবেশ আইনবিধ সমিতি (বেলা):** সংস্থাটির উপকারভোগীদের দক্ষতা বৃদ্ধি করার ক্ষেত্রে নানা ধরণের সচেতনতামূলক কর্মকান্ড পরিচালনা করা, দূষণ নিয়ন্ত্রণ ও প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা ও সুশাসন পরিচালনার ক্ষেত্রে সরকারের এ্যাডভোকেসি করা, জনগণকে পরিবেশ বিষয়ে আইনী সহায়তা প্রদান, স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থার সাথে নেটওয়ার্ক স্থাপন, পরিবেশগত ন্যায়বিচার প্রতিষ্ঠা, উন্নয়নের ক্ষেত্রে পরিবেশগত অধিকার এবং প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, পরিবেশ সুরক্ষায় আইনী কাঠামো ও প্রতিষ্ঠানগুলোকে আরো শক্তিশালী করণ, তথ্য ও অধিকার নিয়ে কার্যক্রম চলমান রয়েছে। | জনগণকে পরিবেশ বিষয়ে আইনী সহায়তা প্রদান, স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থার সাথে নেটওয়ার্ক স্থাপন কার্যক্রম চলমান অব্যাহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৯% | ১৩,১৪ ও ১৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪০ | **ডায়ালগ ইংলিশ ল্যাংগুয়েজ সেন্টার:** সংস্থাটির (প্লে হতে ৩য় শ্রেণি পর্যন্ত প্রি-স্কুল এবং কোচিং) ইংরেজি ভাষা শিক্ষা কার্যক্রম চলমান | ইংরেজি ভাষা শিক্ষা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪১ | **স্যানক্রেড ওয়েলফেয়ার ফাউন্ডেশন** : সংস্থাটি ক্লাবফুট বা মুগুর পা নিয়ে জন্মানো শিশুদের চিকিৎসা ও প্রশিক্ষণ প্রদান, ওরিয়েন্টেশন, জনসচেতনতামূলক কার্যক্রম ও বিশ্ব ক্লাবফুট দিবস পালন নিয়ে কার্যক্রম চলমান। | ওরিয়েন্টেশন, জনসচেতনতামূলক কার্যক্রম ও বিশ্ব ক্লাবফুট দিবস পালন নিয়ে কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯০% | -- | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪২ | **সিএমডি গার্লস হোস্টেল:** সংস্থাটির মেয়েদের আবাসিক নিরাপদ আশ্রয়ণ, খাদ্য, প্রাতিষ্ঠানিক শিক্ষা, চিকিৎসা ও সাংস্কৃতিক বিকাশ নিশ্চিত করা, স্কুল ইউনিফরম প্রদান, স্কুল ও টিউটেরিয়াল ফি, শিক্ষা উপকরণ সামগ্রী, জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন, সাংস্কৃতিক, নৈতিক শিক্ষা কার্যক্রম, শিশু আধিকার ও শিশু নিরাপত্তা বিধান করা এবং শিশুদের মৌলিক আধিকার নিশ্চিত করা, অভিজ্ঞ কর্মীদ্বারা শিশু পরিচর্যা, চিকিৎসা সহয়তা প্রদান, স্বাস্থ্য উপকরণ ও ক্রীড়া সামগ্রী প্রদান কার্যক্রম চলমান। | স্কুল ও টিউটেরিয়াল ফি, শিক্ষা উপকরণ সামগ্রী, জাতীয়/ আন্তর্জাতিক দিবস পালন, সাংস্কৃতিক, নৈতিক শিক্ষা কার্যক্রম, শিশু আধিকার ও শিশু নিরাপত্তা বিধান করা নিয়ে কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৯% | ৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৩ | **জাগো ফাউন্ডেশন ট্রাস্ট:** সংস্থাটি নিয়মিত ক্লাস পরিচালনার মাধ্যমে প্রি-প্রাইমারি থেকে ক্লাস এইট পর্যন্ত শিক্ষার্থীদের গুণগত শিক্ষা দান কার্যক্রম চলমান। | শিক্ষার্থীদের গুণগত শিক্ষা দান কার্যক্রম বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৪ | **প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র:** সংস্থাটির নারী উন্নয়ন ও ক্ষমতায়ণ, সামাজিক বনায়ন ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি মোকাবেলা, দুযোর্গ ব্যবস্থাপনা ও ত্রাণ কার্যক্রম, মাদকাসক্তি প্রতিরোধ, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ জনসংগঠন বিনির্মান, ক্ষুদ্রঋণ বিতরণ, জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ পালন নিয়ে কার্যক্রম চলমান। | মাদকাসক্তি প্রতিরোধ, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ জনসংগঠন বিনির্মান, ক্ষুদ্রঋণ বিতরণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ২,৩,৬,৮, ৯,১১,১৩ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৪৫ | **নার্সিং ইনস্টিটিউট খ্রিস্টিয়ান মিশন হাসপাতাল:** সংস্থাটি মিডওয়াইফারি প্রশিক্ষণার্থীদের বৃত্তি/উপবৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম চলমান। | প্রশিক্ষণার্থীদের বৃত্তি/উপবৃত্তি প্রদান চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৯% | ৩ ও ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৬ | **থানাপাড়া সোয়ালোজ ডেভেলপমেন্ট সোসাইটি:** সংস্থাটির ঋণ কার্যক্রম, হস্তশিল্প, গ্রাম উন্নয়ন, এক্সপোর্ট, শোরুম, সালিশ মীমাংসা, তথ্য সংগ্রহ, ব্র্যাক শিক্ষা কর্মসূচি, কম্পিউটার প্রশিক্ষণ, চিকিৎসা সংক্রান্ত কার্যক্রম চলমান। | ঋণ কার্যক্রম, হস্তশিল্প, গ্রাম উন্নয়ন, এক্সপোর্ট, শোরুম, কার্যক্রমকে আরোও বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,৩,৪,৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৭ | **এসএনভি নেদারল্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন:** সংস্থাটির নগরব্যাপি স্যানিটেশন কৌশল পরিকল্পনা প্রণয়নে সিটি এলাকার বর্তমান স্থাপনা/কার্যক্রম পর্যবেক্ষণ, সিটি কর্পোরেশন ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে যোগাযোগ ও প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা, বেইজ লাইন সার্ভে সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন এবং আউটকাম এসেসমেন্ট সার্ভে কার্যক্রম চলমান | নগরব্যাপি স্যানিটেশন কৌশল পরিকল্পনা প্রণয়নে সিটি এলাকার বর্তমান স্থাপনা/কার্যক্রম পর্যবেক্ষণ, কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | ৯০% | ৬.২, ১১.৬, ১৩.২, ৫.৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকল এনজিও'র সাফল্য কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০২/২০২৪

শামীম আহমেদ
জেলা প্রশাসক
রাজশাহী
ফোন ০২৫-৮৮৮৫৭০৫০
dcrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(এনজিও বিষয়ক শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০৩০.০৩.০০১.২৪. ৫০ তারিখ : ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ১০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-, ১৩/বি,আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭
০৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী
০৫. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
০৬. অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/শিক্ষা ও আইসিটি/সার্বিক/রাজস্ব), রাজশাহী
০৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ................................., রাজশাহী
০৮. ব্র্যাক জেলা সমন্বয়ক, পরিজাত আবাসিক এলাকা, রাজশাহী (তাঁকে এই কার্যবিবরণী এনজিও ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধসহ সকল এনজিও প্রতিনিধিকে ০৩ (তিন) দিনের মধ্যে কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো)

১০/০৩/২০২৪
জেলা প্রশাসক
রাজশাহী